দৈনিক জনকণ্ঠ 40

তারিখ 06 NOV 199
পৃষ্ঠা 7 কলাম

# রোজায় স্কুল খোলা রাখার সিদ্ধান্ত ॥ উদ্দেশ্য বন্যার ক্ষতি পুষিয়ে নেয়া

জনকণ্ঠ রিপোর্ট

*বন্যায় স্কুলের ছাত্রছাত্রীর লেখাপড়ার ক্ষতি পুষিয়ে নেয়ার জন্য আসন্ন রোজার সময় স্কুল খোলা রাখা হবে। একই সাথে স্কুলের বিভিন্ন শ্রেণীর সিলেবাস সময়মতো শেষ করার উদ্দেশ্যে স্কুলের ছুটি কমিয়ে আনা হবে।*

*শিক্ষা মন্ত্রণালয় এ ব্যাপারে নীতিগতভাবে সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গেছে।*

*সাম্প্রতিক বন্যায় সারা দেশের ২৪৬টি থানায় ৯,৪৫৩টি*

*(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)*

## রোজায় স্কুল খোলা

*(প্রথম পাতার পর)*

*প্রাইমারী স্কুল ও ৩,৮৬৭টি হাই স্কুল বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। স্কুলের ছাত্রছাত্রীদের পাঠ্যক্রম এর বাইরে নয়।*

*শিক্ষা মন্ত্রণালয় বন্যার পর পরই ছাত্রছাত্রীদের লেখাপড়ার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করেছে। আর সেই অনুসারে নিয়মিত ক্লাসের পাশাপাশি বিশেষ ব্যবস্থায় কোচিং নেয়ার উদ্যোগ নিয়েছে।*

*আগামী এসএসসি পরীক্ষা যাতে মার্চ মাসেই হতে পারে সে জন্য পরীক্ষার্থীদের কথা মনে রেখে রোজার মাসে স্কুল খোলা রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে।*

*এ ছাড়াও অন্যান্য শ্রেণীর সিলেবাস যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করা যায় সে ব্যাপারেও স্কুল কমিটিকে রোজার মাসে স্কুল খোলা রাখার পরামর্শ দেয়া হয়েছে।*

*জানা গেছে, বর্তমানে স্কুলের ছুটি আগামীতে আরও কমিয়ে আনা হবে। এ বিষয়ে শিক্ষা অধিদফতর খুব শীঘ্রই বোর্ডের চেয়ারম্যানদের সাথে বৈঠক করে সিদ্ধান্তের কথা জানিয়ে দেবে।*

*তবে ছুটি কমানোর প্রক্রিয়া এমনভাবে শুরু করা হবে যাতে ছাত্রছাত্রীরা অসন্তুষ্ট না হয়।*